



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড  
২ নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা  
www.bmeb.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ,  
শেখ হাসিনার বাংলাদেশ

তারিখ: ১ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ  
১৪ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৫৭.১৬.০০০০.০০৯.১৬.০০৩.২৩.১০০৪

বিষয়: কারণ দর্শানো প্রসঙ্গে

সূত্র: ১। গভার্ণিং বডির ০৩/১২/২০২৩ ইং তারিখের সভার ০২ নং আলোচ্য বিষয়।

২। উমাশিঅ/মনো/নর/২০২৪-১০; তারিখ: ১৭/০১/২০২৪ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, নরসিংদী জেলার মনোহরদী উপজেলাধীন চরসাগরদী আলিম মাদ্রাসার অধ্যক্ষ জনাব মোহাম্মদ আব্দুর রহিম এর বিরুদ্ধে সূত্রোক্ত ০১ নং স্মারকের আলোকে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, মনোহরদী, নরসিংদী কর্তৃক একটি তদন্ত প্রতিবেদন অত্র বোর্ডে প্রেরণ করেছেন।

তদন্ত প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়,

- ১। আপনি গভার্ণিং বডিকে অবহিত না করে ০৫ (পাঁচ) জন শিক্ষককে সকল কাগজপত্র জালিয়াতিপূর্বক নিয়োগ ও যোগদান সম্পন্ন করেছেন;
- ২। সভাপতি স্বাক্ষর স্ক্যান করে বেতন-ভাতা উত্তালন করেছেন;
- ৩। আলিম পরীক্ষা-২০২৩ এর একজন ছাত্রীর সাথে অশোভন আচরণ করেছেন;
- ৪। সভাপতি বরাবর মাদ্রাসার সার্বিক বিষয় নিয়ে মিটিং কল করার জন্য তাগিদ দিলেও আপনি মিটিং কল করেননি;
- ৫। মনগড়া আইন সৃষ্টি করে শিক্ষকদের বেতন কর্তন করেছেন।

এমতাবস্থায়, প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধি ৩৬ এর (১) ধারা লংঘন করায় আপনার বিরুদ্ধে কেন ব্যবস্থা নেয়া হবে না সে বিষয়ের সঠিক ব্যাখ্যা পত্র প্রাপ্তির ১৫ (পনের) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

১৪-০২-২০২৪  
প্রফেসর মোঃ সিদ্দিকুর রহমান  
চেয়ারম্যান (ভারপ্রাপ্ত) ও রেজিস্ট্রার  
chairman@bmeb.gov.bd

জনাব মোহাম্মদ আব্দুর রহিম, অধ্যক্ষ, চর সাগরদী আলিম মাদ্রাসা, রামপুর বাজার, মনোহরদী, নরসিংদী।

স্মারক নম্বর: ৫৭.১৬.০০০০.০০৯.১৬.০০৩.২৩.১০০৪/১(৬)

তারিখ: ১ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ  
১৪ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, নরসিংদী;
- ২। জেলা শিক্ষা অফিসারের কার্যালয়, নরসিংদী;
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, মনোহরদী, নরসিংদী;
- ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়, মনোহরদী, নরসিংদী;
- ৫। সভাপতি, চর সাগরদী আলিম মাদ্রাসা, রামপুর বাজার, মনোহরদী, নরসিংদী এবং এবং
- ৬। পি ও টু চেয়ারম্যান (ভারপ্রাপ্ত) ও রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।





১৪-০২-২০২৪

মোঃ ওমর ফারুক

উপ রেজিস্ট্রার